

আপডেট : ৬ ফেব্রুয়ারি, ২০২৩ ১৮:০২

## আইসিআরআইএসএটি ও সিআইএমএমওয়াইটি'র প্রতিনিধির বারি পরিদর্শন

গাজীপুর প্রতিনিধি



আইসিআরআইএসএটি ও সিআইএমএমওয়াইটি'র প্রতিনিধির বারি পরিদর্শন

ইন্টারন্যাশনাল ক্রপস রিচার্স ইনস্টিটিউট ফর দ্যা সেমি-এরিড ট্রপিক্স (আইসিআরআইএসএটি), হায়দরাবাদ, ভারতের প্রিন্সিপাল সায়েন্টিস্ট মন্জুর ধর এবং ইন্টারন্যাশনাল মেইজ অ্যান্ড হুইট ইমপ্রুভমেন্ট সেন্টার (সিআইএমএমওয়াইটি), বাংলাদেশের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ তিমোথি জে. ক্রপনিক বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছেন।

সোমবার তারা বারি পরিদর্শন করেন। অতিথিরা বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে বারির বিজ্ঞানীরা তাদের স্বাগত জানান। পরে বারি মহাপরিচালকের কক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মতবিনিময় সভায় স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবশীষ সরকার।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) ড. মো. মহি উদ্দিন, সাবেক পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ণ) ড. সৈয়দ নুরুল আলমসহ বিভিন্ন বিভাগের সিনিয়র বিজ্ঞানী ও কর্মকর্তারা।

মতবিনিময় সভায় অতিথিরা তাদের নিজ নিজ প্রতিষ্ঠান বারি'র সাথে গবেষণা কার্যক্রম বৃদ্ধি করার জন্য আগ্রহ প্রকাশ করেন। পরে অতিথিরা ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন।

বিডি প্রতিদিন/এমআই